

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৬ (কারিগরি-২)

নং-শিম/শাঃ১৬/স্বীকৃতি(কমিটি)৬-৬/২০১০(অংশ-১)/০৯

তারিখ : ১১ মাঘ ১৪১৯ বঙ্গাব্দ
২৪ জানুয়ারী ২০১৩ খ্রিঃ

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এসএসসি/দাখিল(ভোকেশনাল) কোর্সের প্রতিষ্ঠান স্থাপন/পাঠদানের অনুমতি প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত ১০/১২/২০১২ তারিখে অনুষ্ঠিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানের প্রাথমিক অনুমতি/স্বীকৃতি প্রদান/কোটা শর্ত শিথিল সংক্রান্ত কমিটির ১০ম সভার সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কোটার শর্ত শিথিলপূর্বক নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহে নিম্ন বর্ণিত শর্তে এসএসসি/দাখিল (ভোকেশনাল) কোর্সের প্রতিষ্ঠান স্থাপন/পাঠদানের অনুমতি প্রদানে সরকারের সম্মতি জ্ঞাপন করা হলো :

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম
১	কাঁঠালী এ.সি উচ্চ বিদ্যালয়, জলঢাকা, নীলফামারী।
২	ভেড়ভেড়ী মাঝপাড়া উচ্চ বিদ্যালয়, কিশোরগঞ্জ, নীলফামারী।
৩	পাংগাচৌপথী আব্দুল মজিদ আলিম মাদরাসা, ডোমার, নীলফামারী।
৪	এ.সি.এস উচ্চ বিদ্যালয়, মেলান্দহ, জামালপুর।
৫	সভারচর এইচ আর খান ভোকেশনাল ইন্সটিটিউট, ইসলামপুর, জামালপুর।
৬	মুক্তিযোদ্ধা ভোকেশনাল স্কুল এন্ড বি এম কলেজ, সদর, জামালপুর।
৭	দোয়ালসাড়া উচ্চ বিদ্যালয়, শেরপুর, বগুড়া।
৮	হুয়াকুয়া দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়, সোনাভাঙ্গা, বগুড়া।
৯	রওশনআলী মেমোরিয়াল ভোকেশনাল স্কুল, শিবগঞ্জ, বগুড়া।
১০	মোকামতলা কারিগরি স্কুল এন্ড বিএম কলেজ, শিবগঞ্জ, বগুড়া।
১১	ছাতিয়ান মাধ্যমিক বিদ্যালয়, মিরপুর, কুষ্টিয়া।
১২	নন্দিপুর কারিগরি ও বাণিজ্যিক কলেজ, সদর, নেত্রকোণা।
১৩	তাবিউল মুরসালীন নগর কারিগরি স্কুল টেংগুরী, কেপ্দুয়া, নেত্রকোণা।
১৪	বিশ্ববাড়ী মহিলা কারিগরি কলেজ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
১৫	মরিচারচর উচ্চ বিদ্যালয়, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
১৬	সাখুয়া উচ্চ বিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।
১৭	বাটাজোড় বি.এম উচ্চ বিদ্যালয়, ভালুকা, ময়মনসিংহ।
১৮	বাঁগড়া রায়পুর গোপালপুর(বিআরজি) টেকনিক্যাল এন্ড বিএম কলেজ ও ভোক: ইন্সটিটিউট, চারঘাট, রাজশাহী।
১৯	কাছারী পয়ড়াডাঙ্গা বহুমুখী উচ্চ বিদ্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২০	আলোয়া উচ্চ বিদ্যালয়, ভূঞাপুর, টাংগাইল।
২১	ভাইঘাট এসএসসি টেকনিক্যাল স্কুল, ধনবাড়ী, টাংগাইল।
২২	বিএমএস(বাদুল্লাপুর মাস্টিপারপাস সাইন্স) এন্ড টেকনিক্যাল ইন্সটিটিউট, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
২৩	শ্রীপুর কুমারিয়া টেকনিক্যাল এন্ড বি.এম কলেজ, সদর, জামালপুর।


শর্তসমূহ :

ক) শিক্ষা মন্ত্রণালয়ের ১৩/১১/২০১১ তারিখের শিম/শাঃ ১৩/এমপিও-১২/২০০৯(অংশ)/৩৯৬ নং প্রজ্ঞাপন মোতাবেক প্রতিষ্ঠান স্থাপন ও পাঠদানের অনুমতি প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠান স্থাপন ও পাঠদানের অনুমতি প্রাপ্তির বিপরীতে নিযুক্ত শিক্ষক/কর্মচারীর বেতন-ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। তাদের বেতন-ভাতা সরকার বহন করবে না।

খ) “প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক/কর্মচারীগণের বেতন-ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বহন করবে এবং “এমপিও দাবী করা হবে না” মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক মুচলেকা কারিগরি শিক্ষা বোর্ডে প্রদান করতে হবে।

গ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নীতিমালার আলোকে সকল শর্তাদি পূরণ করে কিনা বিশেষ করে জমি, ভৌত অবকাঠামো, যন্ত্রপাতি, ল্যাব সুবিধা যাচাই সাপেক্ষে কারিগরি শিক্ষা বোর্ড প্রতিষ্ঠান স্থাপন/পাঠদানের অনুমতি প্রদান করবে। নীতিমালায় বর্ণিত শর্তাদির কোন ব্যত্যয় ঘটলে তার দায়-দায়িত্ব সার্বিকভাবে কারিগরি শিক্ষা বোর্ডের উপর বর্তাবে।


২। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোঃ তাজুল ইসলাম
উপ-সচিব
ফোনঃ ৯৫ ৬৪ ৫৫২

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে) :

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও, প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, -----।


মোঃ তাজুল ইসলাম
উপ-সচিব